বাংলাদেশ কৃষি ব্যাংক
ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
(মানিলন্ডারিং প্রতিরোধ সেল)
প্রধান কার্যালয়, ঢাকা।

নং-প্রকা/আরএমডি(৩০)/CTR/২০১৮-২০১৯/ ১৮০৬ তারিখ ঃ ০৬-০৩-২০১৯

০১। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
০৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নির্ভুল ও পরিপূর্ণ তথ্য সম্বলিত CTR/STR নির্ধারিত সময়ে প্রেরণ করা না হলে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে এবং ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের ২৭-০৮-২০১৮ তারিখের আরএমডি(৩০)/CTR/২০১৮- ২০১৯/ ৪৩৪ নং পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU), বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর নির্দেশনা মোতাবেক goAML পদ্ধতির মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখা/ কার্যালয় হতে প্রাপ্ত CTR অনলাইনের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করতে হয়। শাখা/ কার্যালয় হতে প্রাপ্ত CTR data পর্যালোচনা করে দেখা যায় যে, কিছু সংখ্যক শাখা/ কার্যালয় অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত CTR data অত্র বিভাগে প্রেরণ করে, ফলে অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত CTR data দ্বারা goAML software এ Posting দেয়ার কাজে বিঘ্ন ঘটায়। অনেক সময় তথ্য না পাওয়ায় সংশ্লিষ্ট শাখার CTR বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করা সম্ভব হয় না। এছাড়াও লক্ষ্য করা যায় যে, কিছু কিছু শাখায় CTR/STR যোগ্য লেনদেন হওয়া সত্ত্বেও তা গোপন করা হয়, যা অনাকাঙ্খিত এবং মানিলন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ (সংশোধিত ২০১৫) এর ২৩(৪) এর ধারায় শাস্তি যোগ্য অপরাধ।

০৩। **শাখা সমূহ হতে সিটিআরযোগ্য হিসাবের CTR প্রেরণ কালে নিম্নবর্ণিত বিষয়গুলি অবশ্যই পূরণ করতে হবে ঃ**

(ক) কর্পোরেট বা অংশিদারী হিসাবের ক্ষেত্রে সকল পরিচালকগণের প্রত্যেকের পূর্ণাঙ্গ তথ্য পৃথক ফরমে প্রেরণ করতে হবে।
(খ) কর্পোরেট বা অংশিদারী হিসাবের ক্ষেত্রে কোম্পানীর রেজিস্ট্রেশন নম্বর ও তারিখ অবশ্যই দিতে হবে।
(গ) গ্রাহকের জাতীয় পরিচয়পত্র/ভোটার আইডি কার্ড, পাসপোর্ট ও জন্ম নিবন্ধন নম্বর এই তিনটির যে কোন একটি অবশ্যই দিতে হবে। এছাড়া TIN/ E-TIN নম্বর যদি থাকে তা লিখতে হবে।
(ঘ) টেলিফোন/ মোবাইল নম্বর দিতে হবে।
(ঙ) হিসাবধারীর পূর্ণ ঠিকানার সাথে পোষ্টাল কোড দিতে হবে।
(চ) বাংলাদেশ ব্যাংক প্রদত্ত এসবিএস কোড নম্বর এর সাথে বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখার কোড নম্বর দিতে হবে।
(ছ) হিসাবধারীর পেশা (বাংলাদেশ ব্যাংক কর্তৃক Occupation list ই-মেইল এর মাধ্যমে বিকেবি'র সকল শাখায় ইতিপূর্বে প্রেরণ করা হয়েছে)।
(জ) অনলাইন শাখার হিসাব নম্বর লেখার সময় ১৩ ডিজিটের নম্বর লিখতে হবে অথবা যে সকল শাখা লাইভ অপারেশনে যায়নি সে সকল শাখার ক্ষেত্রে শাখার বিকেবি এর কোড নম্বরসহ হিসাব নম্বর লিখতে হবে। যেমন-এলপিও এর ক্ষেত্রে ৪০০১-০২১০০২০০৩ অথবা ৪০০১-২০০৩।
(ঝ) CTR/STR যোগ্য লেনদেন এর সম্পূর্ণ তথ্য অর্থাৎ লেনদেন এর তারিখ, টাকার পরিমাণ, টাকার লেনদেনের ধরণ যেমন- জমা/উত্তোলন (CREDIT / WITHDRAL) এ যাবতীয় তথ্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
(ঞ) CTR ফরম পূরণ শেষে আবশ্যিকভাবে "The Transactions mentioned above at column no 11(eleven) appear not to be suspicious " অথবা " উল্লেখিত লেনদেনসমূহ অস্বাভাবিক/সন্দেহজনক নয়" লিখে অনুমোদিত কর্মকর্তার **স্বাক্ষর(সিলসহ) ও রিপোর্টিং ব্যক্তির মোবাইল নম্বর** লিখে প্রেরণ করতে হবে।

০৪। সম্প্রতি বাংলাদেশ ব্যাংক কর্তৃক শাখা পরিদর্শনের সময় CTR প্রেরণ করা হয়নি এমন তথ্য উদঘাটিত হওয়ায় বিএফআইইউ, বাংলাদেশ ব্যাংক থেকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে ব্যাখ্যা তলব করার পাশাপাশি সিটিআর প্রেরণ না করায় ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) জরিমানা আরোপ করা হয়। এহেন পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংকের নিকট অত্র ব্যাংকের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ হচ্ছে, অন্যদিকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় তীব্র অসন্তোষ প্রকাশ করেন এবং পরবর্তীতে যদি কোন শাখা নির্ধারিত সময় অর্থাৎ প্রতিমাসের ৫ তারিখের মধ্যে CTR/STR যোগ্য নির্ভুল ও পরিপূর্ণ তথ্য সম্বলিত CTR/STR data প্রেরণ না করার কারনে কোন জরিমানা আরোপিত হলে তার দায় সংশ্লিষ্টদের উপর বর্তাইবে মর্মে মতামত ব্যক্ত করেন। উল্লেখ্য, CTR এর ফরমে তথ্য ঘাটতি থাকলে তা পূরণকল্পে বা এ সংক্রান্ত কোন ধরণের জটিলতা/অস্পষ্টতা পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগের মুখ্য কর্মকর্তা জনাব কানিজ ফাতিমা (০১৭৩০৮৫০২৪৬)/উর্ধ্বতন কর্মকর্তা জনাব কবিতা দেবী (০১৭৮৩৩৮৫৩১১) এর সংগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৫। অতএব, কোন শাখায় CTR / STR এ রিপোর্টযোগ্য কোন লেনদেন না থাকলেও অবশ্যই শূণ্য প্রতিবেদন পাঠাতে হবে। **প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে যথাযথভাবে CTR এর বিবরনী প্রেরণ নিশ্চিত করার জন্য সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগনদের বিশেষ ভাবে অনুরোধ করা হলো।** অন্যথায় যে কোন সমস্যা/জরিমানার ঘটনা ঘটলে সকল দায় সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

০৬। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত

০৭.০৩.২০১৯

(ফরিদ আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক
ও
উপ-প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (DCAMLCO)

নং-প্রকা/আরএমডি(৩০)/ CTR /২০১৮-২০১৯/ ১৮০৩

তারিখঃ ০৬-০৩-২০১৯

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ</u>

১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সকল মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। **উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে অত্র পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**
৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। নথি/মহানথি।

০৭.০৩.২০১৯

মোঃ আকতার হোসেন
সহকারী মহাব্যবস্থাপক